

# যুগান্তর

প্রিন্ট: ২৪ সেপ্টেম্বর ২০২৫, ০৪:৫৪ পিএম

শিক্ষাঙ্গন

## নকল করায় ৪১ শিক্ষার্থীর পরীক্ষা বাতিল



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৩ সেপ্টেম্বর ২০২৫, ১০:১৫ পিএম



অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত ৪১ পরীক্ষার্থীর চলতি বছরে এসএসসি পরীক্ষা বাতিল করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) এ তথ্য জানিয়েছে বোর্ড।

সোমবার (২২ সেপ্টেম্বর) বিকেলে ঢাকা বোর্ডের শৃঙ্খলা কমিটির সভায় তাদের পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়। বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দোকার এহসানুল কবির এতে সভাপতিত্ব করেন।

ঢাকা বোর্ডের কার্য বিবরণীতে বলা হয়েছে, ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত পরীক্ষার্থীদের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন কেন্দ্র থেকে তাদের বিরুদ্ধে পাওয়া অভিযোগ, তাদের উত্তরপত্র, কক্ষ পরিদর্শক, হল সুপার ও কেন্দ্রসচিবদের প্রতিবেদন, বহিষ্কৃত পরীক্ষার্থীদের জবাব কমিটির সদস্যরা যাচাই-বাছাই করেছেন।

এতে আরও বলা হয়, প্রাপ্ত কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে তাদের বিরুদ্ধে আনীত এক বা একাধিক অভিযোগ প্রমাণিত হওয়ায় অপরাধের ধরন ও ২০২৫ সালের এসএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালা অনুযায়ী শাস্তি দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত হয়। এখন তাদের ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অংশ নিতে হবে।

**পরীক্ষা বাতিল হওয়া ৪১ জনের রোল নম্বরের**

